



## বাংলাদেশ ব্যাংক-এর সাথে উত্তরা ব্যাংক লিমিটেড এবং মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর পুনঃঅর্থায়ন অংশগ্রহণ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ কর্তৃক পরিচালিত ‘কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম’ এর আওতায় বাংলাদেশ ব্যাংকের সাথে উত্তরা ব্যাংক লিমিটেড এবং উক্ত স্কিমসহ ‘স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম’ এবং ‘কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল’ এর আওতায় বাংলাদেশ ব্যাংক এবং মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর মধ্যকার অংশগ্রহণ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান জুন ০১, ২০১৬ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব নির্মল চন্দ্র ভক্ত। বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের মহাব্যবস্থাপক জনাব স্বপন কুমার রায়, উত্তরা ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ রবিউল হোসেন এবং মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব ইরতেজা আহমেদ খান স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।



২০০১ সালে ইন্ডাস্ট্রিয়াল ক্রেডিট ফান্ড হতে ১৫০ কোটি টাকা নিয়ে দেশের গ্রামাঞ্চলে কৃষিভিত্তিক শিল্প স্থাপনের মাধ্যমে কৃষিজাতপণ্যের মূল্য সংযোজন ও এর মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির উদ্দেশ্যে ‘কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বলভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম’ এর যাত্রা শুরু হয়। ২০১৫ সালের অক্টোবর মাসে ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে এ স্কিমের তহবিলের পরিমাণ ৪৫০ কোটি টাকায় উন্নীত করা হয়। এ স্কিমের আওতায় মোট ৩৭ টি কৃষিভিত্তিক শিল্প খাতে ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক উদ্যোক্তা পর্যায়ে সর্বোচ্চ ১০% সুদে চলতি মূলধন, মধ্যম মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ঋণে অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা চালু রয়েছে। এ যাবৎ ৩৩ টি ব্যাংক ও ২২ টি আর্থিক প্রতিষ্ঠান এ স্কিমের আওতায় চুক্তিবদ্ধ রয়েছে। স্বল্প সুদে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে নতুন নতুন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান এ স্কিমের আওতায় চুক্তিবদ্ধ হতে আগ্রহ প্রকাশ করছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ ব্যাংক এর সাথে উত্তরা ব্যাংক লিমিটেড এবং মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর মধ্যে পুনঃঅর্থায়ন অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অত্র স্কিমের আওতায় ৩০/০৪/২০১৬ তারিখ পর্যন্ত মোট ২,২৭৭ টি কৃষিভিত্তিক শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে মোট ৮৪৭.১০ কোটি টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে।

‘স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কিম’ এর আওতায় দেশের কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে অর্থায়নের বিপরীতে ৭৫০ কোটি টাকার ঘণীয়মান পুনঃঅর্থায়ন তহবিল চালু রয়েছে। তহবিল স্বল্পতার জন্য বর্তমানে এ স্কিমের আওতায় অধাধিকার ভিত্তিতে নারী উদ্যোক্তাসহ সৃজনশীল লেখনী প্রকাশ ও বিপন্ন, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা, সমাজের সুবিধা বঞ্চিত উদ্যোক্তা ও রাখাইনসহ উপজাতি উদ্যোক্তাদেরকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। এছাড়া ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ নারী উদ্যোক্তাদেরকে ৫০ হাজার থেকে ৫০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দিয়ে এ স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারবে। উল্লেখ্য, শুধুমাত্র নারী উদ্যোক্তারা এ স্কিমের আওতায় ব্যক্তিগত জামানতের বিপরীতে ২৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে। এ পর্যন্ত এ স্কিমের আওতায় ৩৬ টি ব্যাংক ও ২৪ টি আর্থিক প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ রয়েছে। ৩০/০৪/২০১৬ তারিখ পর্যন্ত এ স্কিমের আওতায় ২৭,২৬৯ টি ক্ষুদ্র উদ্যোগের বিপরীতে ২৬৭৬.২৩ কোটি টাকা পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে।

নতুন উদ্যোগ গ্রহণে ইচ্ছুক উদ্যোক্তাদের অর্থনৈতিক কার্যক্রমে সম্পৃক্ত এবং উৎসাহিতকরণের মাধ্যমে স্ব-কর্মসংস্থানের পাশাপাশি নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে প্রাথমিকভাবে ১০০ কোটি টাকা বরাদ্দ নিয়ে ‘কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল’ গঠন করা হয়। ১৮-৪৫ বছর বয়সী কারিগরী জ্ঞান সম্পন্ন যেকোন উদ্যোক্তা, যারা পূর্বে ব্যাংক ঋণ গ্রহণ করেননি তাদেরকে শিল্প ও সেবা খাতে কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে এ তহবিলের আওতায় সর্বোচ্চ ১০% সুদে ১০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন এবং ২৫ লক্ষ টাকা পর্যন্ত জামানতসহ প্রদত্ত ঋণের বিপরীতে ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত দেশের বিভিন্ন সরকারি/বেসরকারি উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান হতে প্রশিক্ষিত যে কারো জন্য এ তহবিলের আওতায় অর্থায়নের সুযোগ রয়েছে। এ যাবৎ ২৪ টি ব্যাংক ও ১২ টি আর্থিক প্রতিষ্ঠান এ স্কিমের আওতায় চুক্তিবদ্ধ রয়েছে।